গাংনীর সাহারবাটিতে বিএনপি’র কমিটি গঠন নিয়ে উত্তেজনা

গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নের ২ ও ৩ নং ওয়ার্ড কমিটি গঠন নিয়ে বিএনপি নেতা কর্মির মধ্যে উত্তেজনা সৃষ্টি হয়েছে।

আজ মঙ্গলবার বিকালে অনুষ্ঠিত কর্মী সম্মেলনে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন সহ একাংশের নেতৃবৃন্দ।এসময় নেতা কর্মীর তোপের মুখে পড়েন জেলা বিএনপি’র আহ্বায়ক। পরবর্তিতে গাংনী থানা পুলিশ ও মেহেরপুরের সেনাবাহিনীর হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হয়।

ঝিনাইদহে বিএনপি নেতা জিয়ার বিরুদ্ধে অভিযোগ, তদন্ত কমিটি গঠন

ঝিনাইদহের মহেশপুরে আত্মগোপনে থাকা জেলা স্বেচ্ছাসেবক লীগের সাংগঠনিক সম্পাদক আনিচুর রহমান মিঠু মালিথাকে ভারতে পালাতে সহযোগিতার অভিযোগ ওঠে উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জিয়াউর রহমান জিয়ার বিরুদ্ধে।

এ নিয়ে বিভিন্ন পত্রিকায় ‘লীগ নেতাকে পালাতে সহযোগিতার অভিযোগ বিএনপি নেতার বিরুদ্ধে’ শিরোনামে একটি প্রতিবেদন প্রকাশিত হয়।

এ ঘটনায় একটি তদন্ত কমিটি গঠন করেছে ঝিনাইদহ জেলা বিএনপি। গতকাল রবিবার রাতে জেলা বিএনপির সহ-দফতর সম্পাদক সাকিব আহমেদ বাপ্পী স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

প্রেস বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, দৈনিক কালেরকণ্ঠসহ বেশ কয়েকটি জাতীয় ও স্থানীয় দৈনিকে মহেশপুর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জিয়াউর রহমান জিয়ার বিরুদ্ধে জেলা স্বেচ্ছাসেবক লীগ নেতা মিঠু

মালিথাকে ভারতে পালানোর সহযোগিতার অভিযোগে সংবাদ প্রকাশিত হয়। অভিযোগের বিষয়টি তদন্তের জন্য জেলা বিএনপির সহ-সভাপতি অ্যাডভোকেট মো. দবির হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক মো. শাহজাহান আলী ও সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর হোসেনকে দিয়ে তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করা হলো। এছাড়াও আগামী তিন কার্য দিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিলের নির্দেশ প্রদান করা হয় ওই প্রেস বিজ্ঞপ্তিতে।

উল্লেখ্য, গত শুক্রবার রাতে ভারতে পালিয়ে যাওয়ার জন্য মহেশপুরের বোয়ালিয়া গ্রামের সাবেক পুলিশ কর্মকর্তা হাফিজুলের বাড়িতে আশ্রয় নিয়েছিলেন স্বেচ্ছাসেবক লীগ নেতা আনিচুর রহমান মিঠু মালিথা। এই খবর পেয়ে ওই বাড়ি ঘিরে ফেলে স্থানীয় জনতা। পরে বিএনপি নেতা জিয়াউর রহমান জিয়ার লোকজন গিয়ে তাকে উদ্ধার করে নিয়ে এসে পালাতে সহযোগিতা করে।

এ ঘটনায় এলাকার মানুষের মাঝে চরম অসন্তোষ বিরাজ করছে। এ নিয়ে বিভিন্ন গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হলে গতকাল রবিার দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাবে সংবাদ সম্মেলন করেন মহেশপুর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জিয়াউর রহমান জিয়া।

পিস ফ্যাসিলিটেটর গ্রুপ গঠনের লক্ষ্যে মুজিবনগরে সভা অনুষ্ঠিত

মুজিবনগরের পর্যটন মোটেলের হলরুমে পিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পিএফজি) গঠন শীর্ষক এক গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়। সভাটি আয়োজন করা হয় দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশের মাল্টি-স্টেকহোল্ডার ইনিশিয়েটিভ (MIPS) প্রকল্পের অধীনে। মুজিবনগরের শান্তি ও স্থিতিশীলতা প্রতিষ্ঠায় সম্প্রীতিপূর্ণ আচরণ ও সৌহার্দ্যপূর্ণ সমাজ গঠনের লক্ষ্যে এই সভার আয়োজন করা হয়।

সভায় সভাপতিত্ব করেন বীর মুক্তিযোদ্ধা মো. সাবদার আলী।

সঞ্চালনার দায়িত্ব পালন করেন মো. ওয়াজেদ আলি খান। সভাটি সার্বিকভাবে তত্ত্বাবধান করেন দি হাঙ্গার প্রজেক্টের ফিল্ড কো- অর্ডিনেটর মো. আশরাফুজ্জামান।

সভায় পিএফজি গঠনের প্রয়োজনীয়তা, গঠনতন্ত্র এবং কর্মপন্থা নিয়ে আলোচনা হয়। এই বিষয়ে বিশদ ব্যাখ্যা দেন দি হাঙ্গার প্রজেক্টের এরিয়া কো-অর্ডিনেটর এস.এম. রাজু জবেদ।

সভায় উপস্থিত উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক মো. শাহিনুজ্জামান, যুবদল সভাপতি মো. আবুল হাসান, জেলা মহিলা জাতীয়তাবাদী দলের সদস্য নুরজাহান খাতুন আনজিরা, মহিলা ইউপি মেম্বার আফরোজা রোজ, যুবদলের সাবেক দপ্তর সম্পাদক দেলোয়ার হোসেন মিলন, এপিপি এডভোকেট সেলিম গাজী, শ্রমিক কল্যাণ ফেডারেশন প্রতিনিধি মো. খাইরুল বাশার, পেশ ইমাম হাফেজ মো. মতিয়ার রহমান, সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুল লতিফ, মুজিবনগর প্রেস ক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক, সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজ, খ্রিষ্টান প্রতিনিধি মারিও সুশিত মন্ডল, সনাতন ধর্মের প্রতিনিধি শ্যামল কুমার, দলিত প্রতিনিধি মানু দাশ, শিক্ষক মুন্সি মো. মোকাদ্দেস হোসেন। এছাড়াও, রাজনৈতিক দলের প্রতিনিধি, ধর্মীয় নেতা, শিক্ষাবিদ, এবং সুশীল সমাজের আরও প্রতিনিধিরা সভায় অংশগ্রহণ করেন।

সভায় সবার সম্মতিক্রমে পিএফজি কো-অর্ডিনেটর নির্বাচিত হন ব্যবসায়ী ও বিশিষ্ট সমাজ কর্মী মো: ওয়াজেদ আলি খান। পিস অ্যাম্বাসেডর হিসেবে নির্বাচিত হন বিএনপির যুবদলের সভাপতি মো: আবুল হাসান, ইউপি মেম্বার আফরোজা রোজ, শ্রমিক কল্যাণ ফেডারেশনের মো: খাইরুল বাশার এবং শিক্ষক মুন্সি মো: মোকাদ্দেস হোসেন।

সভায় উপস্থিত সকল প্রতিনিধি রাজনৈতিক, ধর্মীয় এবং জাতিগত সহিংসতা নিরসনে একযোগে কাজ করার অঙ্গীকার করেন। পিএফজি কমিটির মাধ্যমে মুজিবনগরের সাধারণ মানুষের সাথে সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তোলারও প্রতিশ্রুতি দেওয়া হয়।

সভা শেষে সভাপতি মো. সাবদার আলী সবাইকে সম্প্রীতির মুজিবনগর গড়ে তোলার আহ্বান জানান। তিনি বলেন, দল-মত নির্বিশেষে সকলের সহযোগিতায় শান্তি ও সম্প্রীতির বাংলাদেশ গঠন সম্ভব। এই সভা মুজিবনগরের শান্তি স্থাপনে একটি মাইলফলক হয়ে থাকবে বলে ধারণা করা

হচ্ছে।

গণফোরামের মেহেরপুর জেলা কমিটি গঠন

অর্থবহ পরিবর্তন ও সুস্থ ধারার রাজনীতি প্রতিষ্ঠার অঙ্গিকার নিয়ে গণফোরামের মেহেরপুর জেলা শাখার আহবায়ক কমিটি গঠন করা হয়েছে।

রফিকুল ইসলাম পথিক কে আহবায়ক,জাহাঙ্গীর আলম যুগ্ম আহবায়ক ও মো সেন্টু কে সদস্য সচিব করে ১১ সদস্য মেহেরপুর জেলা কমিটি করা হয়।

আজ শনিবার (২৩ নভেম্বর) বিকালে মেহেরপুর জেলা প্রেস ক্লাব মিলনায়তনে কমিটি গঠন উপলক্ষে এক সভা অনুষ্ঠিত হয়।

রফিকুল ইসলাম পথিকের সভাপতিত্বে অন্যদের মধ্যে বক্তব্য দেন বাবুল হোসেন, হুমায়ন কবির, আহনাফ আবিদ, আসাদ বিশ্বাস , আবেদীন আশা।

সভায় রফিকুল ইসলাম পথিক বলেন, বাংলাদেশের রাজনৈতিক দলগুলোর আমুল সংস্কার করা জরুরি। ৫৪ বছর ধরেই লুটপাটতন্ত্র চর্চা হয়েছে, কেউ কম কেউ বেশি।

গাংনীতে সুজনের উপজেলা কমিটি গঠন

সুশাসনের জন্য নাগরিক (সুজনের) গাংনী উপজেলা সম্মেলন ও কমিটি গঠন করা হয়েছে। আজ শনিবার(২৩ নভেম্বর) দুপুরে দি হাঙ্গার প্রজেক্টের গাংনী এরিয়া অফিসে আয়োজিত সম্মেলনে করমদি ডিগ্রী কলজের শিক্ষক ও সুজনের উপজেলা শাখার কমিটির সাধারণ সম্পাদক আবু সাদাদ মোহাম্মদ

সায়েম পল্টুর সভাপতিত্বে এবং দি হাঙ্গার প্রজেক্টের এরিয়া সমন্বয়কারী হেলাল উদ্দীনের এর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সুজনের জেলা সম্পাদক সৈয়দ জাকির হোসেন ।

অনুষ্ঠানে সম্মানিত অতিথি ছিলেন জাতীয় কন্যা শিশু এডভোকেসী ফোরামের মেহেরপুর জেলা শাখার সভাপতি ও সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সুজনের জেলা শাখার যুগ্ন সম্পাদক সাংবাদিক রফিকুল আলম বকুল, নাগরিক কমিটির আহবায়ক বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হক, সিনিয়র সাংবাদিক জুলফিকার আলী কানন, গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবু্ব আলম, গাংনী মহিলা ডিগ্রী কলেজের প্রভাষক মহিবুর রহমান মিন্টু, বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলীমুজ্জামান ও কুতুবপুর স্কুল অ্যান্ড কলেজের সিনিয়র শিক্ষক আক্তারুজ্জামান লাভলু।

এ ছাড়াও অনুষ্ঠানে বিভিন্ন ইউনিয়নের সভাপতি ও সম্পাদকরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে আগামী দুই বছরের জন্য বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হককে সভাপতি ও করমদি ডিগ্রী কলেজের শিক্ষক আবু সাদাদ মোহাস্মদ সায়েম পল্টুকে সাধারণ সম্পাদক করে ২১ সদস্য বিশিষ্ট গাংনী উপজেলা কমিটি গঠন করা হয়।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন সহ-সভাপতি মহিবুর রহমান মিন্টু, দিলরুবা খাতুন, যুগ্ম সম্পাদক বাশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলীমুজ্জামান, করমদি ডিগ্রী কলেজের প্রভাষক মোস্তাফিজুর রহমান মনি, সাংগঠনিক সম্পাদক আক্তারুজ্জামান লাভলু, কোষাধ্যক্ষ শহিদুল ইসলাম শাওন ও প্রচার সম্পাদক আঃ হাদি।

মেহেরপুর সদর উপজেলা

বিসিডিএসের আহ্বায়ক কমিটি গঠন

আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে মেহেরপুর সদর উপজেলা বিসিডিএসের ৫ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে।

আজ রবিবার (২৭ শে অক্টোবর) সকাল সাড়ে ১১ টার দিকে বাংলাদেশ কেমিস্টস এন্ড ড্রাগিস্টস সমিতি মেহেরপুর জেলা শাখার আয়োজনে কার্যনির্বাহী ও সদস্য সাইফুল ইসলামের সঞ্চালনায় ওভারট্রাম রেস্টুরেন্টে সদর উপজেলা বিসিডিএসের ৫ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন করা হয়।

এ সময় মেহেরপুর জেলা বিসিডিএসের আহ্বায়ক রিনু, ইলিয়াস হোসেনকে আহ্বায়ক, বাবর আলীকে যুগ্ম আহ্বায়ক ও নির্বাহী সদস্য হিসেবে জাহাঙ্গীর আলম বাবলু, শামীম হাসান এবং মাহফুজুর রহমানের নাম ঘোষণা করে ৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে ।

এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিসিডিএসের কার্যনির্বাহী সদস্য ইসমাইল হোসেন, কাজী খয়রুদ্দিন, সাইফুল ইসলাম, ইমন বিশ্বাস, বেনজির আহমেদ, সাবেক দপ্তর সম্পাদক মতিউর রহমান প্রমুখ।

ঝিনাইদহে ইউনিয়ন লিগ্যাল এইড কমিটি গঠন ও সক্রিয়করণ সভা অনুষ্ঠিত

ঝিনাইদহে ইউনিয়ন লিগ্যাল এইড কমিটি গঠন ও সক্রিয়করণ সভা অনুষ্ঠিত হয়েছে। দি ইউএসএআইডি আইন সহায়তা অ্যাক্টিভিটির আর্থিক সহযোগিতায়, ডেমোক্রসি ইন্টারন্যাশনাল বাস্তবায়নে এবং রাইটস যশোর সংস্থার অয়োজনে, আজ বৃহস্পতিবার (২৪ অক্টোবর) সকালে ঝিনাইদহ সদর উপজেলার দোগাছি ইউনিয়ন পরিষদে এ সভা অনুষ্ঠিত হয়।

দোগাছি ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও ইউনিয়ন লিগ্যাল

এইড কমিটির সভাপতি মো:মোফাজ্জল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত ইউনিয়ন লিগ্যাল এইড কমিটি গঠন ও সক্রিয়করণ সভায় উপস্থতি ছিলেন,ইউনিয়ন লিগ্যাল এইড কমিটির সকল সদস্যবৃন্দ।

এছাড়াও উপস্থিত ছিলেন, মো: ইউনুছ আলী সরদার, জেলা র্কমর্কতা, মাহমুদুল হাসান, উপজেলা সহকারী শৈলকুপা , বিষ্ণু পদ ঘোষ, উপজেলা সহকারী, কোটচাঁদপুর, আখি রানী পাল, উপজলো সহকারী, ঝিনাইদহ সদর, রাইটস যশোর।

সভায় বক্তারা সরকারি আইনী সহায়তা কার্যক্রমের মাধ্যমে গরিব, অসচ্ছল ও নির্যাতিত মানুষের আইনি অধিকার নিশ্চিত করার জন্য ইউনিয়ন লিগ্যাল এইড কমিটির সক্রিয়করণ এবং প্রচার-প্রচারণার উপর গুরুত্ব এবং আইনের প্রতি শ্রদ্ধা রেখে যার যার প্রথা, রীতি মেনে চলার আহবান জানান। এছাড়া নিজেদের অবস্থান থেকে ইউনিয়নের তৃণমূল পর্যায়ে বসবাসরত জনসাধারণকে গরিব, অসহায়, লিগ্যাল এইড কার্যক্রম এবং সরকারের সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ করা হয় ।

ইয়ূথ এন্ডিং হাঙ্গারের মেহেরপুর জেলা কমিটি গঠন

আত্মশক্তিতে বলিয়ান হও এমনই ব্যক্তিত্ব গড়ে সমাজের ঘোর প্রতিপাদ্য দুর করার লক্ষে ইয়ুথরাই পারে আমাদের সমাজের তথা বিশ্বপরিচ্ছন্ন রাখতে। এ প্রজন্মের মুল চাবিকাঠি তরুণ প্রজন্ম এই প্রতিপাদ্যে ইয়ূথ এন্ডিং হাঙ্গারের মেহেরপুর জেলা কমিটি গঠন করা হয়েছে।

আজ শনিবার (১৯ অক্টোবর) মেহেরপুরের গাংনী দি হাঙ্গার প্রজেক্ট এরিয়া অফিসে মেহেরপুর জেলা ইয়ূথদের নিয়ে এ জেলা কমিটি গঠন করা হয়।

বর্তমান মেহেরপুর জেলা কো অর্ডিনেটর ইনজামামুল হকের সঞ্চালনায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যশোর অঞ্চলের আঞ্চলিক সমন্বয়কারী ফিরোজ আহম্মেদ পলাশ, সাবেক আঞ্চলিক সমন্বয়কারী রাকিবুল ইসলাম

রকি ও গাংনী এরিয়া সমন্বয় কারী হেলাল উদ্দীন।

গনতান্ত্রিক প্রক্রিয়ায় ভোটে কো-অর্ডিনেটর হিসেবে নির্বাচিত হলেন জাকির হুছাইন, যুগ্ম কো-অর্ডিনেটর রায়হান আলী, যুগ্ম কো- অর্ডিনেটর (মেয়ে) শিরিন শারমিন সন্ধ্যা, অর্থ সম্পাদক শাহিদা খাতুন, গণযোগাযোগ সম্পাদক সীমা খাতুন, কর্মশালা শাওন রেজা ও কার্যনির্বাহী সদস্য জান্নাতুল ফেরদৌস বন্যাসহ ৭ সদস্য বিশিষ্ট কমিটি করা হয়।

মেহেরপুরে বিসিডিএস এর ৬ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন

মেহেরপুর জেলা কেমিস্ট এন্ড ড্রাগিস্ট (বিসিডিএস) সমিতির ৬ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন করে সাবেক কমিটি পদত্যাগ পত্র হস্তান্তরের মধ্য দিয়ে পদত্যাগ করেছেন।

আজ রবিবার (২৯ সেপ্টেম্বর) বেলা সাড়ে ১২ টার দিকে মেহেরপুর শহরের ওভার ট্রাম রেস্টুরেন্টে আনুষ্ঠানিকভাবে সাবেক কমিটি পদত্যাগ করে নতুন আহ্বায়ক কমিটির হাতে পদত্যাগ পত্র তুলে দেন। এ সময় সাবেক কমিটির সভাপতি আনারুল মিয়া, সিনিয়র সহ-সভাপতি সাদেকুজ্জামান খান, সহ-সভাপতি আব্দুল লতিব, নির্বাহী সদস্য আমিনুল ইসলাম উপস্থিত ছিলেন।

বাংলাদেশ কেমিস্ট এন্ড ড্রাগিস্ট সমিতি (বিসিডিএস) মেহেরপুর জেলা শাখার নবগঠিত আহবায়ক কমিটির প্রধান মো: রিনু, কার্যনির্বাহী সদস্য কাজী খয়ের উদ্দিন রবি, ইসমাইল হোসেন, ইমন বিশ্বাস, বেনজির আহমেদ ও সাইফুল ইসলামসহ ৬ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটির তালিকা করে ঘোষণা করেন সাবেক সভাপতি আনারুল মিয়া।

এ সময় তিনি বলেন, তাদের হাতে ক্ষমতা হস্তান্তর করে তাদের মঙ্গল কামনা করছি এবং সেই সাথে তাদের সার্বিক কাজে সহযোগিতা করার জন্য আমরা পাশে থাকব। একটি সুন্দর আহবায়ক কমিটির পরিচয় দিয়ে তারা

তাদের সময়মতো একটি সুন্দর নিরপেক্ষ ও সুষ্ঠু নির্বাচন ব্যবস্থা করবেন এই আশা ব্যক্ত করে তাদের জন্য দোয়া কামনা করছি।

নবগঠিত আহবায়ক কমিটির প্রধান রিনু বলেন, আমাদের ৬ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটি সাবেক কমিটির সার্বিক সহযোগিতা নিয়ে আগামী নির্বাচনের জন্য কাজ করে যাব এবং কমিটির নাম ভাঙিয়ে কেউ যদি কোন প্রকার চাঁদাবাজি করে তাহলে আমাদেরকে জানাবেন আমরা প্রয়োজনীয় ব্যবস্থা নেব।সেই সাথে মেহেরপুর জেলার সকল ওষুধ ব্যবসায়ী গনের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন।

গাংনীর নওয়াপাড়া বাজার কমিটি গঠন মইনুল ইসলাম সভাপতি মিলন সম্পাদক

গাংনীর নওয়াপাড়া বাজার কমিটির দ্বি-বার্ষিকী বাজার পরিচালনা কমিটি গঠন করা হয়েছে। কমিটিতে মইনুল ইসলাম সভাপতি ও মিরাজুল ইসলাম মিলন সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

আজ শুক্রবার বিকেলে নওয়াপাড়া বাজারের সকল ব্যবসায়ীদের সমর্থনে ২০ সদস্যের একমিটি গঠন করা হয়। কমিটির সহ সভাপতি নির্বাচিত হয়েছেন, সিদ্দিকুর রহমান ও কোষাধ্ক্ষ মনোনীত হয়েছেন বদিউজ্জামান।

পুরাতন কমিটির সময়সীমা শেষ হওয়ায় পুরতন কমিটি বিলুপ্ত করে নতুন কমিটি গঠন করা হয়। বাজার পরিচালনায় ব্যবসায়ীদের নিরাপত্তা, বাজারের উন্নয়নে নতুন কমিটি গুরুত্বপূর্ণ ভুমিকা রাখবে বলে মনে করছেন ব্যবসায়ীরা।

নতুন কমিটির সভাপতি সম্পাদক সহ সকল সদস্যকে অভিনন্দন জানিয়েছেন এলাকাবাসী ও ব্যবসায়ীগণ।